বাংলাদেশ তাঁত বোর্ড

সার্ভিসেস এন্ড ফ্যাসিলিটিজ সেন্টার কুমারখালী, কুষ্টিয়া।

স্মারক নং- বাতাঁবো/কেএম/এসএফসি/নূ:প্র:ফা:-৩০/২০১৫/৬৮ তারিখঃ ০৯/০৬/২০১৫ খ্রিঃ।

উন্মুক্ত নিলাম ডাক বিজ্ঞপ্তি।

বাতাঁবো/৩ সা:সে:/১৩/২০১৫/১৩৪ তাং: ০২.০৬.২০১৫ সূত্রের অফিস আদেশমূলে জন সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ তাঁত বোর্ডের সার্ভিসেস এন্ড ফ্যাসিলিটিজ সেন্টার (এসএফসি) কুমারখালী,কেন্দ্রের অভ্যন্তরে জরাজীর্ণ,অতি পুরাতন ও ঝুঁকিপূর্ণ ক্যান্টিন ভবনটি ১৯৬০ সালে নির্মিত হওয়ায় এবং উক্ত জায়গায় নতুন করে হ্যান্ডলুম সার্ভিস সেন্টার স্থাপনের নিমিত্ত ভবনটি অপসারণের লক্ষ্যে উন্মুক্ত নিলাম ডাক আগামী ১৬.০৬.২০১৫ তারিখে সার্ভিসেস এন্ড ফ্যাসিলিটিজ সেন্টার (এসএফসি) কুমারখালী কেন্দ্রে দুপুর ১২ ঘটিকায় অনুষ্ঠিত হবে।

অলোচ্য উন্মুক্ত নিলাম ডাকে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে তাঁত বোর্ড কুমারখালী কেন্দ্রে উপস্থিত হয়ে অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হল।

শর্তাবলী:

০১) নিলাম ডাক আগামী ১৬.০৬.২০১৫ তারিখ দুপুর ১২ ঘটিকায় অনুষ্ঠিত হবে।

০২) নিলাম ডাকে যে কেউ অংশ গ্রহণ করতে পারবেন। তবে অংশ গ্রহণের জন্য দর প্রদানের পূর্বে সকাল ৯.০০ ঘটিকা হতে ১১.০০ ঘটিকার মধ্যে কেন্দ্র কর্তৃপক্ষের নিকট ৫,০০০/= (পাঁচ হাজার) টাকা সাময়িক জামানত হিসাবে জমা দিয়ে নিলাম ডাকে অংশ গ্রহণ করতে হবে এবং ডাক কার্যক্রম শেষে সর্বোচ্চ দরদাতা ব্যতীত সকল দরদাতাদের প্রদানকৃত সাময়িক জামানতের টাকা ফেরত দেওয়া হবে।

০৩) সর্বোচ্চ দর প্রদানকারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে সমুদয় অর্থ পরিশোধের পর কার্যাদেশ প্রদান করা হবে। উল্লেখ্য যে, দর প্রদানকৃত মূল্য ছাড়াও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আরোপিত উৎসে কর ও ভ্যাটের অর্থ সর্বমোট মুল্যের সাথে বিধি মোতাবেক প্রদান করতে হবে।

০৪) এই নিলাম ডাক কোন কারণ দর্শানো ছাড়াই কর্তৃপক্ষ/নিলাম ডাক কমিটি বাতিলের ক্ষমতা সংরক্ষণ করবেন।

বিস্তারিত আরও তথ্য জানতে তাঁত বোর্ডের এসএফসি, কুমারখালী দপ্তরে যোগাযোগ করতে পারবেন।

এ উন্মুক্ত নিলাম বিজ্ঞপ্তি কেন্দ্রের স্বার্থে জারী করা হল।

০৯.৬.১৫

সহকারি মহা-ব্যবস্থাপক (দা:প্রা:)
বাংলাদেশ তাঁত বোর্ড
এসএফসি, কুমারখালী, কুষ্টিয়া।